



বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ

কর্ণফুলী ইপিজেড হাসপাতাল

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪



সূত্রঃ ০৩.০৬.৩৩৫.০১৮.০০.০০.০১১.২০২১/১০৭১

তারিখঃ ০৩ নভেম্বর, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

কর্ণফুলী ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড কর্তৃক পরিচালিত কর্ণফুলী ইপিজেড হাসপাতালে নিম্নলিখিত স্থায়ী পদে জনবল নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	১৫ ডিসেম্বর, ২০২১ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	মেডিকেল অফিসার ২২,০০০-৫৩,০৬০/-	০২ জন	৩২ বৎসর	এম.বি.বি.এস ডিগ্রীধারী এবং বি.এম.ডি.সি রেজিস্ট্রেশন প্রাপ্ত।
০২.	সিনিয়র স্টাফ নার্স ১৬,০০০-৩৮,৬৪০/-	০৭ জন	৩০ বৎসর	সরকারী স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ বৎসর মেয়াদী নার্সিং ডিপ্লোমাধারী। বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত।

শর্তাবলীঃ

০১. নির্ধারিত চাকুরীর আবেদন করমে আবেদন আগামী ১৫ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে ডাকযোগে সদস্য সচিব, কর্ণফুলী ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড, কর্ণফুলী ইপিজেড হাসপাতাল, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪, বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন করম বেপজার ওয়েবসাইট www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
০২. বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০৩. চাকুরীরত প্রার্থীদের বেলায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।
০৪. অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। প্রাথমিক বাছাই এর পর বোর্ডের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক অথবা উভয় পরীক্ষায় অংশ গ্রহনের জন্য পত্র মারফত জানানো হবে।
০৫. আবেদনের খামের উপর প্রার্থী পদের নাম উল্লেখ করতে হবে।
০৬. আবেদনের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।
০৭. Karnaphuli EPZ Hospital এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে মেডিকেল অফিসার পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা এবং সিনিয়র স্টাফ নার্স পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।
০৮. কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বোর্ড যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদি ফেরতযোগ্য নয়। নিয়োগ প্রক্রিয়ায় বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
০৯. প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।


০৬.১১.২০২১

(মোহাম্মদ খালেদ চৌধুরী)

পরিচালক (শ্রম ও শিল্প সম্পর্ক), কর্ণফুলী ইপিজেড

ও

সদস্য সচিব, কর্ণফুলী ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড

স-২৫৬০ (৮×৪)